



উপদেষ্টা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

আন্তর্জাতিক অভিবাসী দিবস এবং জাতীয় প্রবাসী দিবস ২০২৪ এর এই বিশেষ মুহূর্তে সংশ্লিষ্ট সবাইকে জানাই আন্তরিক শুভেচ্ছা। এই দিনটি অভিবাসীদের অবদান ও ত্যাগকে সম্মান জানানোর একটি সুযোগ এনে দিয়েছে। বিভিন্ন প্রতিকূল পরিস্থিতি মোকাবিলা করেও প্রায় দেড় কোটি প্রবাসী নিজ পরিবারের ও আমাদের অর্থনৈতিক সমৃদ্ধিসহ দেশের মর্যাদা বৃদ্ধিতে অসামান্য অবদান রেখে চলেছেন।

বৈষম্যবিরোধী ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের মাধ্যমে গঠিত বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর প্রবাসীদের কল্যাণে নানাবিধ কার্যক্রম গ্রহণ করেছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস এঁর হস্তক্ষেপে জুলাইয়ের প্রথম সপ্তাহে বাংলাদেশের ক্ষমতাচ্যুত স্বৈরাচারী সরকারের বিরুদ্ধে আন্দোলন করায় সংযুক্ত আরব আমিরাতে দণ্ডপ্রাপ্ত ১৮৮ জন বাংলাদেশিকে মুক্ত করে দেশে ফেরত আনা হয়। লেবাননের যুদ্ধ পরিস্থিতিতে বিপদগ্রস্থ কর্মীদের সরকারি খরচে নিরাপদে দেশে ফেরত আনা হয়েছে। প্রবাসীদের সম্মানে বিমানবন্দরে প্রবাসী লাউঞ্জ স্থাপন করা হয়েছে। বিদেশে কর্মী গমন প্রক্রিয়াকরণের সময় হ্রাস ও পদ্ধতি সহজিকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মধ্যস্বত্ত্বভোগীদের জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে বিধিমালা সংশোধন ও বৈদেশিক কর্মসংস্থানের জন্য একটি সমন্বিত অনলাইন প্ল্যাটফর্ম তৈরির কার্যক্রম চূড়ান্ত করা হয়েছে। বিদ্যমান শ্রমবাজার সম্প্রসারণের পাশাপাশি নতুন নতুন শ্রমবাজারে প্রবেশের কার্যক্রম জোরদার করা হয়েছে। বর্তমান সরকার দায়িত্বগ্রহণের পর বিগত কয়েক মাস যাবৎ রেমিট্যান্স প্রবাহে নতুন গতির সঞ্চার হয়েছে, যা দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

বৈষম্যহীন নতুন বাংলাদেশ গড়তে সরকারের কার্যক্রমকে সমর্থন দেওয়ায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। আসুন, সবাই মিলে একসাথে দেশের উন্নয়নে কাজ করি এবং প্রবাসী ভাইবোনদের কল্যাণে আমাদের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করি।

আন্তর্জাতিক অভিবাসী দিবস এবং জাতীয় প্রবাসী দিবস ২০২৪ সফল হোক।

Asif Nazki

ড. আসিফ নজরুল

